

## ■ সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৩২১

২. সালাত অধ্যায় (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬১. কাতারের পেছনে যে ব্যক্তি একাকী সালাত আদায় করে

بَابِ فِي صَلَةِ الرَّجُلِ خَلْفَ الصَّفِّ وَحْدَهُ

আরবী

أَخْبَرَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ عَبْدِ الْمَجِيدِ حَدَّثَنَا مَالِكٌ عَنْ إِسْحَاقَ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي طَلْحَةَ عَنْ أَنَسِ بْنِ مَالِكٍ أَنَّ جَدَّهُ مُلِيْكَةَ دَعَتْ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لِطَعَامٍ صَنَعَتْهُ فَأَكَلَ ثُمَّ قَالَ قُوْمُوا فَلَا صَلَّيْ بِكُمْ قَالَ أَنَسٌ فَقُمْتُ إِلَى حَصِيرٍ لَنَا قَدْ اسْوَدَ مِنْ طُولِ مَا لُبِسَ فَنَخَّحْتُهُ بِمَاِ فَقَامَ عَلَيْهِ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَصَفَفْتُ أَنَا وَالْيَتِيمُ وَرَأَءَهُ وَالْعَجُوزُ وَرَأَءَنَا فَصَلَّى لَنَا رَكْعَتَيْنِ ثُمَّ انْصَرَفَ

বাংলা

১৩২১. আনাস ইবনু মালিক থেকে বর্ণিত। তাঁর দাদী মুলাইকাহ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম কে খাবার খাওয়ানোর জন্য আমন্ত্রণ জানালেন। এরপর তিনি এসে খাওয়া-দাওয়া করলেন এবং বললেন: “তোমরা দাঁড়িয়ে যাও, যাতে আমি তোমাদের নিয়ে সালাত আদায় করতে পারি।”

আনাস বলেন, এরপরে আমি উঠে গিয়ে আমাদের একটি মাদুর নিয়ে এলাম, যেটি দীর্ঘদিন ব্যবহারের কারণে কালো হয়ে গিয়েছিলো। ফলে আমি তাতে পানি ছিটিয়ে দিলাম, তারপর রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তার উপর দাঁড়ালেন আর আমি ও এক ইয়াতিম বালক তার পিছনে কাতারবন্দ হলাম, আর বৃদ্ধা (আমার দাদী) আমাদের পিছনে দাঁড়ালেন। এরপর তিনি আমাদেরকে নিয়ে দু'রাকা'আত সালাত আদায় করলেন, এরপর তিনি ফিরে গেলেন। [1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ সহীহ।

তাখরীজ: সহীহ বুখারী ৩৮০; সহীহ মুসলিম ৬৫৮; আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি মুসনাদুল মাউসিলী' নং

৪২০৬, ৪২২৬; সহীহ ইবনু হিবান নং ২২০৫ ও মুসনাদুল হুমাইদী নং ১২২৮।

হাদিসের মান: সহীহ (Sahih) পুঁজিগুরুত্বপূর্ণ

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81604>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন